# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2018

## BENGALI

## MANGALKABYA, CHARIT SAHITYA O ARAKAN RAJSABHAR SAHITYA

## CORE-5 (CCBNGH5)

সময় : ২ ঘন্টা — পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১×১০ = ১০

(ক) কবিকঙ্কন মুকুন্দ চক্রবর্তীর আশ্রয়দাতা জমিদারের নাম কী ?
(খ) কবিকঙ্কন মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যটি সাধারণত কী নামে পরিচিত ?
(গ) কালকেতুর প্রথম বৃত্তি কী ছিল ?
(ঘ) কালকেতু কোন্ নগরীর পত্তন করেন ?
(ঙ) দেবী চণ্ডী কোন্ প্রাণীর রূপে কালকেতুর নিকট ধরা দিয়েছিলেন ?
(চ) কালকেতুর প্রতিদ্বন্দ্বী রাজ্যটির নাম কী ?
(ছ) দৌলত কাজি কোন্ রাজার সভায় সমাদৃত হয়েছিলেন ?
(জ) “মৈনা কো সত্” কাব্যটির রচয়িতা কে ?
(ঝ) সৈয়দ আলাওল-এর উৎসাহদাতা সুলেমান কোন্ রাজার প্রধানমন্ত্রী ছিলেন ?
(ঞ) জগজ্জীবন ঘোষাল-এর জন্মস্থান কোথায় ছিল ?
(ট) ‘চৈতন্য চরিত’গ্রন্থের আদি কবি কে ?
(ঠ) ‘গৌরাঙ্গ বিজয়’ নামক চৈতন্য জীবনী গ্রন্থটি কার রচনা ?
(ড) লোচন দাস রচিত চৈতন্য জীবনী গ্রন্থের নাম কী ?
(ঢ) বৃন্দাবন দাসের ‘চৈতন্যভাগবত’ – এর নাম প্রথমে কী ছিল ?
(ণ) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থটির রচয়িতা কে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ — ৫×১ = ৫

(ক) তন্ত্রবিভূতি
(খ) সৈয়দ আলাওল
(গ) কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী।

৩। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×১ = ১০

(ক) খল চরিত্র নির্মাণে মুকুন্দ চক্রবর্তীর দক্ষতার পরিচয় দাও।
(খ) ‘চৈতন্য লীলার ব্যাস বৃন্দাবন দাস’ — উক্তিটির তাৎপর্য বিচার করো।

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১৫×১ = ১৫

(ক) সমাজ সচেতনতা ও বাস্তব জীবন চেতনায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী যে মুন্সীয়ানার পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।
(খ) উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্য ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

———×———

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2018

## BENGALI

## PRACHIN BHARATIYA KABYATATTWA, CHHANDA O ALANKAR

## CORE-6 (CCBNGH6)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) সঞ্চারীভাব কাকে বলে ?

(খ) 'পর্ব' কাকে বলে ?

(গ) 'যতি' কাকে বলে ?

(ঘ) 'মাত্রা' কাকে বলে ?

(ঙ) 'রস' বলতে কি বোঝো ?

(চ) ''আনিয়াছি ছুরি তীক্ষ্ণ দীপ্ত প্রভাত রশ্মিসম।'' - কোন্ অলংকার ?

(ছ) 'ডাল না থাকে তো ঐটেই দাও' - কোন্ অলংকার ?

(জ) 'মনে করি করী, হয় কিন্তু হয় না' - কোন্ অলংকার ?

(ঝ) বিভাব কাকে বলে ?

(ঞ) ''লঙ্কার পঙ্কজরবি গেলা অস্তাচলে।'' - কোন্ অলংকার ?

(ট) 'দল' কাকে বলে ?

(ঠ) ধ্বনিপ্রধান ছন্দের একটি উদাহরণ দাও।

(ড) স্বরবৃত্ত ছন্দের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঢ) উৎপ্রেক্ষা অলংকারের একটি উদাহরণ দাও।

(ণ) ব্যাজস্তুতি অলংকারের একটি উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* ছন্দোলিপি প্রস্তুত করোঃ ৫×১ = ৫

(ক) পাটের ক্ষেতের ভিতর দিয়ে ঘাটের ডিঙা বাই,
বাঁধের সাথে হাটের সাথে কোন বাঁধন নাই।

(খ) এত বলি প্রজাগণ কৃতাঞ্জলি করি।
সবিনয়ে বলে ধর্ম্মরাজ বরাবরি।।

(গ) সমুদ্রে নীল নির্জন আশ্বাসে
পাখিরা এনেছে কূজনমুখর দিন
উপযাচকের মত কেন ফিরে আসে
কামনা আমার, অথই আমার ঋণ।।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ $১০\times১ = ১০$

(ক) দলবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উপযুক্ত উদাহরণ সহযোগে আলোচনা করো।

(খ) অলংকার কাকে বলে ? অলংকার মূলত কয় শ্রেণীর ও কী কী ? কবিতায় অলংকারের গুরুত্ব প্রসঙ্গে একটি নিবন্ধ রচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ $১৫\times১ = ১৫$

(ক) ধ্বনিবাদীগণ 'ধ্বনিকে কাব্যের আত্মা' বলেছেন। এ মত গ্রহণযোগ্য কি না বিচার করো।

(খ) রসনিষ্পত্তি প্রসঙ্গে অভিনব গুপ্তের 'অভিব্যক্তিবাদ' আলোচনা করো।

———×———

# COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2018

## BENGALI

## UNISH SATOKER GODDYO O KABYA

## CORE -7 (CCBNGH7)

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'মহারাজা কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং' গ্রন্থটি কার রচনা ?

(খ) 'সমাচার চন্দ্রিকা'-র প্রাণপুরুষ কে ছিলেন ?

(গ) রাজা রামমোহন রায় রচিত দু'টি বিতর্কমূলক গদ্যগ্রন্থের নাম লেখো।

(ঘ) 'বাহ্যবস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ বিচার' বইটি কার রচনা ও কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?

(ঙ) ঠকচাচা চরিত্রটি কার অবিস্মরণীয় সৃষ্টি ?

(চ) ঈশ্বর চন্দ্র গুপ্ত সম্পাদিত সাময়িক পত্রটির নাম কী ?

(ছ) প্রকাশকালসহ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।

(জ) তারকাসুর, জয়ন্ত, শচী – এঁরা কার রচিত কোন্ কৃত্রিম মহাকাব্যের চরিত্র ?

(ঝ) যে-কোনো দু'টি কাব্যগ্রন্থের রচয়িতার নাম লেখোঃ

বন্ধুবিয়োগ, নির্ঝরিনী, কাব্যমুকুল, অমৃতাভ।

(ঞ) মাইকেল মধুসূদন 'বীরাঙ্গনাকাব্য' কাকে উৎসর্গ করেছিলেন ?

(ট) প্রবীর কে ? তাঁর কথা 'বীরাঙ্গনাকাব্য'-এর কোন্ পত্রিকায় আছে ?

(ঠ) অক্ষয়কুমার দত্ত কোন পত্রিকার সম্পাদক ছিলেন ?

(ড) 'দশরথের প্রতি কেকয়ী' পত্রিকাটি 'বীরাঙ্গনাকাব্য'-এর কত সংখ্যক পত্রিকা / সর্গ ?

(ঢ) 'পড়িও এ লিপিখানি, এ মিনতি পদে'- কার উদ্দেশে কে এই মিনতি করেছেন ?

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) অবকাশরঞ্জিনী

(খ) পদ্মিনী উপাখ্যান

(গ) বীরাঙ্গনার ছন্দ।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ঈশ্বর চন্দ্র গুপ্তকে 'যুগসন্ধির কবি' বলা হয় কেন ? তাঁর কাব্যবৈশিষ্ট্য আলোচনা করে সে বিষয়ে আলোকপাত করো।

(খ) জনা ও কেকয়ী পত্রিকায় স্বামীর প্রতি স্ত্রীর অভিযোগের প্রেক্ষাপটে দাম্পত্য সম্পর্কের যে-ধরনটি ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের প্রাতিষ্ঠানিক নেতৃত্বে বাংলার গদ্যসাহিত্য কীভাবে নতুনরূপে আত্মপ্রকাশ ও বিস্তার লাভ করল তার আনুপূর্বিক ইতিহাস আলোচনা করো।

(খ) গিরীন্দ্রমোহিনী দাসী, কামিনী রায় ও কুসুমকুমারী দাসের কবিতাচর্চার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে সমসাময়িক এই তিন মহিলা কবির স্বাতন্ত্র্য বিষয়ে আলোকপাত করো।

———×———